দৈনিক ইত্তেফাক

258

তারিখ AUG. 1 2 1999
পৃষ্ঠা 8 কলাম 7

## প্রকাশিত পত্র প্রসঙ্গে

গত ১-৭-৯৯ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত জনৈক পরীক্ষার্থিনীর অভিভাবকের লেখা 'শিক্ষামন্ত্রী সমীপে' শীর্ষক পত্রটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। পত্রলেখক অভিযোগ করিয়াছেন যে, তাঁহার কন্যা ১৯৯৫ ও ১৯৯৮ সালের এইচএসসি পরীক্ষায় যথাক্রমে ৫০৬৩১৩ ও ৭০৯৯৪৯ রোল নম্বরে অংশগ্রহণ করে, কিন্তু রহস্যজনকভাবে তাহার দুই বৎসরের পরীক্ষার ফলাফলই অপ্রকাশিত রহিয়াছে। বোর্ড কর্তৃপক্ষ এ বিষয়ে কোন সদুত্তর দিতে পারেন নাই, তবে তিনি জানিতে পারিয়াছেন যে, উভয় বৎসরই তাঁহার কন্যা উত্তীর্ণ হইয়াছে।

প্রকৃত ঘটনা এই যে, পত্রলেখকের কন্যা শাহানা সুলতানা ১৯৯৫ ও ১৯৯৮ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। তাহার রোল নম্বর যথাক্রমে ৫০৬৩১৩ ও ৭০৯৯৪৯, রেজিষ্ট্রিশন নম্বর ০৬০৩২৫, শিক্ষাবর্ষ ১৯৯৩-৯৪। দুই বৎসরের পরীক্ষায়ই সে একাধিক বিষয়ে ফেল করিয়া অকৃতকার্য হয়। তাহার পরীক্ষার ফলাফল অপ্রকাশিত নাই।

পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।